দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৬

# ছাত্রলীগের নেতা নির্বাচনে ভোটাভুটি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** অবশেষে কাউন্সিলরদের ভোটাভুটির মাধ্যমে ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হচ্ছে। গতকাল বুধবার রাতে গুলিস্তানের মহানগর নাট্যমঞ্চে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে কাউন্সিলরদের ভোট গ্রহণ চলছিল। সন্ধ্যা পর্যন্ত ছাত্রলীগের অধিকাংশ কাউন্সিলর জানতেন না মনোনয়ন হবে, না নির্বাচন হবে। ছাত্রলীগের কয়েকজন সিনিয়র নেতা ভোট গ্রহণে অনিয়মের অভিযোগ করেছেন। অনেক কাউন্সিলর সন্ধ্যার পূর্বেই ঢাকা ত্যাগ করেছেন। রাত ৯টার পরে ভোটাভুটির পর্ব শুরু হয়। ভোট গণনা শেষ হতে আজ বৃহস্পতিবার সকাল হয়ে যাবে।